

রেজিষ্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জানুয়ারী ২৬, ১৯৯৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা।

(মূল্য সংযোজন কর)

আদেশ

ঢাকা, ১০ই মাস ১৪০৪ বাং/২৬শে জানুয়ারী ১৯৯৮ ইং

এস,আর,ও, নং ১৩-আইন/৯৮/১৭৪ মসক।—যেহেতু জনস্বার্থের গুরুত্ব বিবেচনা ও যথোপ-  
যুক্ত অনুসন্ধানপূর্বক জাতীয় রাজস্ব বোর্ড এই মর্মে সন্তুষ্ট হইয়াছে যে, মূল্য সংযোজন কর বা,  
ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূর্ণ শুল্ক ধার্য করার নিমিত্তে অত্র বিভাগের ২৭শে জ্যৈষ্ঠ,  
১৪০০ মোতাবেক ১০ই জুন, ১৯৯০ তারিখে জারীকৃত আদেশ নং এস, আর, ও ১০৪-আইন/  
৯৩/৬৮-মসক এর কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা (Heading No.) ৪৮-০২ ও  
কলাম (২) এ উল্লিখিত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H, S, Code) ৪৮০২-৫২-৯০ এর  
বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত পণ্য সামগ্রীর ট্যারিফ মূল্য পুনরায় নির্ধারণ করা সমীচীন ও  
প্রয়োজনীয় :

(৪৮০৩)

মূল্য : টাকা ১০০০

সেহেতু জাতীয় রাজস্ব বোর্ড মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৫ এর উপ-ধারা (৭) এ প্রদত্ত ক্ষমতাবলে উপরি-উক্ত আদেশে নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত আদেশের কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা (Heading No.) ৪৮.২০ ও উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে শিরনামা সংখ্যা (Heading No.) ৪ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“৪৪.০২ ৪৮০২.৫২.৯০ সকল পেপার মিল্‌স কর্তৃক উৎপাদিত—

(ক) ক্রীম লেইড/হোয়াইট রাইটিং ৫০/ ৫৫ হইতে তদধর্ম গ্রাম	টঃ	১০,৭৩০
(খ) হোঃ ব্লড পেপার ৫৫ হইতে ৫৯.৯৯ গ্রাম	টঃ	১১,৩৫০
(গ) হোঃ প্রিন্টিং পেপার—		
(১) ৬০ বা তদধর্ম গ্রাম	টঃ	১০,৭৩০
(২) ৫৫ গ্রাম হইতে ৫৯.৯৯ গ্রাম	টঃ	১০,৯৮০
(৩) ৫০ গ্রাম হইতে ৫৪.৯৯ গ্রাম	টঃ	১১,৬৫০
(৪) ৪৫ গ্রাম হইতে ৪৯.৯৯ গ্রাম	টঃ	১২,১৪০”।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

আশাউদ্দিন চৌধুরী

প্রথম সচিব (মুসক)।